# 129752 - রোযা থাকা অবস্থায় পাকস্থলির খাদ্য মুখে চলে আসলে করণীয়

প্রশ্ন

প্রশ্ন: আমি এমন একটি পাকস্থলির রোগে আক্রান্ত যে, আমার মুখে তরল পদার্থ জমলে পাকস্থলি থেকে খাদ্য বেরিয়ে আসে। রমযান মাসে আমার এমনটি ঘটছে। আমাকে কি রোযার কাযা পালন করতে হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আলহামদুলিল্লাহ।

যদি রোযাদারের পাকস্থলি থেকে কোন কিছু মুখে চলে আসে তাহলে রোযাদারের কর্তব্য হচ্ছে সেটা থু দিয়ে ফেলে দেয়া। যদি রোযাদার ইচ্ছাকৃতভাবে সেটা গিলে ফেলে তাহলে রোযা বাতিল হয়ে যাবে। আর যদি অনিচ্ছাকৃতভাবে গিলে ফেলে তাহলে তার উপর কোন কিছু বর্তাবে না। আল্লাহ্‌ই উত্তম তাওফিকদাতা। আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবার-পরিজন ও তাঁর সাহাবীবর্গের উপর আল্লাহ্‌র রহমত বর্ষিত হোক।[সমাপ্ত]

ফতোয়া ও গবেষণা বিষয়ক স্থায়ী কমিটি

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুল আযিয আলে শাইখ, শাইখ আব্দুল্লাহ্‌ গুদইয়ান, শাইখ বাকর আবু যাইদ